

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭০৩(আগরতলা-১৪।১১)

কমলপুর, ১৪ নভেম্বর, ২০১৭।

আশাপূর্ণ রোয়াজা পাড়ায় স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

কমলপুর মহকুমা হাসপাতালের উদ্যোগে সালেমা ব্লকের আশাপূর্ণ রোয়াজা পাড়া ভিলেজের কমিউনিটি হলে গত ১১ নভেম্বর মধুমেহ, হৃদয় জনিত সমস্যা, ক্যান্সার, উচ্চ রক্তচাপ জনিত সমস্যা প্রভৃতি রোগ প্রতিরোধ বিষয়ে এক সচেতনতা ও স্বাস্থ্য শিবির আয়োজিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক অঞ্জন দাস। তিনি তাঁর আলোচনায় উল্লিখিত রোগ প্রতিরোধ সম্পর্কে জন সচেতনতা বাড়িয়ে তোলার আহ্বান জানান। শিবিরে ভিলেজ কমিটির চেয়ারম্যান শচী রাণী দেববর্মা ও ভাইস চেয়ারম্যান পাইসারাম ত্রিপুরা, সমাজসেবী চাঁদমোহন রোয়াজা উপস্থিত ছিলেন। এদিনের শিবিরে ১৩০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়।

This document is a PDF file. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com